করোনার সংক্রমণ বৃদ্ধি: ফের লকডাউনে যাচ্ছে ইতালি

চেম্বার ডেস্ক::করোনার সংক্রমণ বেড়ে যাওয়ায় আবারও লকডাউনে যাচ্ছে ইতালি। শিগগিরই দেশটির স্কুল, রেস্তোরাাঁ ও দোকান বন্ধ ঘোষণা করা হবে বলে শুক্রবার জানিয়েছে দ্য গার্ডিয়ান।

গত বছর করোনার প্রাদুর্ভাবের পর ইতালিতে এক লাখের বেশি মানুষ মারা গেছে। বৃহস্পতিবার দেশটিতে নতুন করে প্রায় ২৬ হাজার মানুষের করোনা শনাক্ত হয়েছে এবং মারা গেছেন ৩৭৩ জন আক্রান্ত। গত মার্চে দেশটিতে প্রথম দফায় লকডাউন ঘোষণা করা হয়। দুই মাসের বেশি সময় পর মে মাসে লকডাউন প্রত্যাহার করা হয়। সংক্রমণ বাড়ায় ডিসেম্বরের শেষ দিকে আবারও এক সপ্তাহের লকডাউন ঘোষণা করা হয়।

তৃতীয় দফায় লকডাউন ঘোষণার জন্য শুক্রবার সকালে প্রধানমন্ত্রী মারিও দ্রাঘির মন্ত্রিপরিষদের সঙ্গে বৈঠকের কথা রয়েছে।

সম্প্রতি ইতালিতে করোনার নতুন রূপ সংক্রমণ ঘটিয়ে যাচ্ছে। দেশটির উত্তরের জনবহুল অঞ্চল লোম্বার্ডি ও দক্ষিণের ক্যালাব্রিয়াকে ‘রেডজোন’ হিসেবে চিহ্নিত করা হয়েছে। লাজিও অঞ্চলেও রেডজোন ঘোষণা হতে পারে।

নতুন জোট সরকার চলতি মাসের শুরুর দিকে রেডজোনগুলোতে কড়া বিধিনিষেধ আরোপ করেছে। এখানে বার, রেস্তোরাঁ, মাধ্যমিক ও প্রাথমিক স্কুলগুলো বন্ধ ঘোষণা করা হয়েছে। স্থানীয় বাসিন্দাদের বাড়িতে থাকারও নির্দেশ দিয়েছে কর্তৃপক্ষ।